# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিকশিক্ষা বোর্ড, ঢাকা

www.dhakaeducationboard.gov.bd

স্মারক নং- ঢাশিবো/বি/৫৬১/নতুন/ঢাকা/ ৮১২ তারিখ: ৩১/০৮/২০২৫ খ্রি.

**বিষয়: নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ১। বোর্ডের ২১-০৮-২০২৫ তারিখে অনুষ্ঠিত নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ের মঞ্জুরী কমিটির সভার সুপারিশ।
২। পরবর্তী বোর্ড সভার অনুমোদন সাপেক্ষে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে **"লেকসিটি কনকর্ড স্কুল"** কে নিম্নোক্ত শর্তে ০১-০১-২০২৫ হতে ৩১-১২-২০২৭ পর্যন্ত মোট ০৩ (তিন) বছরের জন্য নিম্ন মাধ্যমিক পর্যায়ে একাডেমিক স্বীকৃতি প্রদান করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে পরবর্তী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির জন্য ফি জমাসহ আবেদন পেশ ও আরোপিত শর্তাদি পূরণের ব্যবস্থা করতে হবে।

শর্তসমূহ:

১. এ অস্থায়ী স্বীকৃতি প্রদানের পলে সরকারের উপর কোন আর্থিক দায়-দায়িত্ব বর্তাবে না;
২. নীতিমালা অনুযায়ী কাম্য পরিমাণ জমিতে ভবন নির্মান করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। কোন অবস্থায় ভাড়াকৃত বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না;
৩. সংরক্ষিত ও সাধারণ তহবিলে (ন্যূনতম) যথাক্রমে ২,০০,০০০/- (দুই লক্ষ) ও ১,০০,০০০/- (এক লক্ষ) টাকা ব্যাংকে জমা রাখতে হবে। বোর্ডের পূর্বানুমতি ব্যতীত কোনক্রমেই এ অর্থ উত্তোলণ করা যাবে না;
৪. নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়-এর ২৩-০৭-২০২৩ তারিখের প্রজ্ঞাপনের আলোকে নিম্ন মাধ্যমিক স্তরের জন্য ১৮,০০,০০০/- (আঠার লক্ষ) টাকা যৌথনামে [ক) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটির সভাপতি; খ) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা থাকতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে;
৫. NTRCA কর্তৃক সুপারিশ ব্যতিত কোন শিক্ষক নিয়োগ দেওয়া যাবে না;
৬. বিদ্যালয়ের নামে অনুমোদনহীন কোন ক্যাম্পাস বা ব্রাঞ্চ খোলা যাবে না;
৭. ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না;
৮. শিক্ষার্থীদের নিকট হতে 'বোর্ড কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি'- এর অতিরিক্ত অর্থ আদায় করা যাবে না;
৯. খেলাধূলার মাঠ উন্নয়নসহ বিদ্যালয় আঙ্গিনায় ফুলের বাগান তৈরি এবং বিদ্যালয়ের চারপাশে অধিক সংখ্যক মূল্যবান গাছের চারা রোপন করে বিদ্যালয়ের সৌন্দর্য্য ও আয় বৃদ্ধির ব্যবস্থা করতে হবে।
১০. বিদ্যালয়ে স্কাউটিং/গার্লস গাইড প্রবর্তন করে নিয়মিত খেলাধুলা, বির্তক প্রতিযোগিতা, সাংস্কৃতিক কার্যক্রমসহ অন্যান্য সহকপাঠ্যক্রম কার্যাদির বার্ষিক রিপোর্ট জেলা শিক্ষা অফিসারের মাধ্যমে বোর্ডে পাঠাতে হবে;
১১. এ স্বীকৃতি পত্রের মেয়াদ উত্তীর্ণের অন্ততঃ ৪ (চার) মাস পূর্বে স্বীকৃতি নবায়রে জন্য আবেদন করতে হবে;
১২. বেসরকারি বিদ্যালয়ের ক্ষেত্রে প্রচলিত নীতিমালার অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে এবং কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে বোর্ড/সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারে;
১৩. স্বতন্ত্র গ্রন্থাগারে ন্যূনতম ১০০০ (এক হাজার) বই সংরক্ষণ করতে হবে;
১৪. দাখিলকৃত তথ্যে ভূল প্রমাণিত হলে উক্ত আদেশ বাতিল বলে গণ্য হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

**প্রফেসর কাজী ফয়জুর রহমান**
আইডি নং- ০০৯২৫১
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৫৮৬১০০৬৯
ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

প্রধান শিক্ষক
লেকসিটি কনকর্ড স্কুল
খিলক্ষেত, ক্যান্টনমেন্ট, ঢাকা

মেমো নং- ৮১২(৯) তারিখ: ৩১/০৮/২০২৫ খ্রি.

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
৩. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), নীলক্ষেত, ঢাকা;
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
৫. জেলা প্রশাসক, ঢাকা;
৬. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
৭. জেলা শিক্ষা অফিসার, ঢাকা;
৮. সভাপতি, পরিচালনা কমিটি, লেকসিটি কনকর্ড স্কুল, খিলক্ষেত, ক্যান্টনমেন্ট, ঢাকা;
৯. পিএসটু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
১০. অফিস কপি।

31/08/25

বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

31.08.2025

স্মারক নং- ঢাশিবো/বি/৫৯৬/ঢাকা/ ৭৩৪ তারিখ: ২৭/০৮/২০২৫ খ্রি.

**বিষয়: মাধ্যমিক পর্যায়ে পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র: ১। বোর্ডের ২১/০৮/২০২৫ তারিখে অনুষ্ঠিত নিম্নমাধ্যমিক ও মাধ্যমিক পর্যায়ের মঞ্জুরী কমিটির সভার সুপারিশ।
২। পরবর্তী বোর্ড সভার অনুমোদন সাপেক্ষে।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে **"লেকসিটি কনকর্ড উচ্চ বিদ্যালয়"**-কে নিম্নোক্ত শর্তে ০১-০১-২০২৫ হতে ৩১-১২-২০২৭ পর্যন্ত মোট ০৩ (তিন) বছরের জন্য মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান করা হলো। বিদ্যালয়ে জাতীয় পাঠ্যক্রম ও পাঠ্যপুস্তক বোর্ডের নির্ধারিত পাঠ্যসূচি ও কেবলমাত্র বোর্ড কর্তৃক অনুমতিপ্রাপ্ত বিষয়সমূহ পাঠদান করতে হবে এবং প্রদত্ত মেয়াদকালের মধ্যে স্বীকৃতির জন্য ফি জমাসহ আবেদন দাখিল ও আরোপিত শর্তাদি পূরণ করতে হবে।

শর্তসমূহ:

১. এ পাঠদানের অনুমতিকে কোনক্রমেই বিদ্যালয়ের স্বীকৃতি হিসাবে গণ্য করা যাবে না;
২. নীতিমালা অনুযায়ী কাম্য পরিমাণ জমিতে ভবন নির্মান করে শিক্ষা কার্যক্রম পরিচালনা করতে হবে। কোন অবস্থায় ভাড়াকৃত বাড়িতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করা যাবে না;
৩. বিদ্যালয় প্রতিষ্ঠা ও পরিচালনার সাথে সরকারের কোনো আর্থিক সংশ্লেষ থাকবে না;
৪. সংরক্ষিত ও সাধারণ তহবিলে (ন্যূনতম) যথাক্রমে ৩,০০,০০০/- (তিন লক্ষ) ও ১,৫০,০০০/- (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা ব্যাংকে জমা রাখতে হবে। বোর্ডের পূর্বানুমতি ব্যতীত কোনক্রমেই এ অর্থ উত্তোলণ করা যাবে না;
৫. নিম্ন মাধ্যমিক বিদ্যালয়ে ব্যক্তি নামে প্রতিষ্ঠানের নামকরণের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়-এর ২৩-০৭-২০২৩ তারিখের প্রজ্ঞাপনের আলোকে নিম্ন মাধ্যমিক স্তরের জন্য ২০,০০,০০০/- (বিশ লক্ষ) টাকা যৌথনামে [ক) সংশ্লিষ্ট শিক্ষা প্রতিষ্ঠানের প্রধান/ম্যানেজিং কমিটির সভাপতি; খ) জেলা শিক্ষা অফিসার] প্রতিষ্ঠানের সংরক্ষিত তহবিলে জমা থাকতে হবে, যা মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের অনুমোদন সাপেক্ষে প্রতিষ্ঠানের উন্নয়নমূলক কাজে ব্যয় করা যাবে;
৬. বিদ্যালয়ের কোড নম্বর প্রাপ্তির জন্য ইংরেজি ক্যাপিটাল লেটারে বিদ্যালয়ের নাম, ঠিকানা ও EIIN লিখে নির্ধারিত ফিসহ আবেদন করতে হবে;
৭. এ অনুমতি পত্রের মেয়াদ উত্তীর্ণের অন্ততঃ ৪(চার) মাস পূর্বে একাডেমিক স্বীকৃতির জন্য আবেদন করতে হবে;
৮. সরকারি নীতিমালা অনুযায়ী NTRCA কর্তৃক সুপারিশকৃত শিক্ষক নিয়োগ করতে হবে এবং প্যাটার্ন বর্হিভূত কোন শিক্ষক নিয়োগ করা যাবে না;
৯. শিক্ষার্থীদের নিকট হতে 'বোর্ড কর্তৃক নির্ধারিত বিভিন্ন ফি'- এর অতিরিক্ত আদায় করলে এ আদেশ বাতিল বলে গণ্য হবে;
১০. আগামী ৬ (ছয়) মাসের মধ্যে বোর্ডের পরামর্শক্রমে নিজস্ব ওয়েবসাইট ও কনটেন্ট ডেভেলপ করে বোর্ডকে অবহিত করতে হবে;
১১. সরকার নির্ধারিত কারিকুলাম ব্যতিত অন্য কোন কারিকুলাম বা পাঠ্যক্রম অনুসরণ করা যাবে না;
১২. ধর্মীয় ও সামাজিক মূল্যবোধ ইত্যাদির সাথে সাংঘর্ষিক কোন কার্যক্রম পরিচালনা করা যাবে না;
১৩. বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠানের ক্ষেত্রে প্রচলিত নীতিমালার অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে;
১৪. উক্ত মেয়াদের মধ্যে একাডেমিক স্বীকৃতি প্রাপ্তির সকল শর্ত পূরণ করতে হবে। ব্যর্থতায় অনুমতিপত্র স্বয়ংক্রিয়ভাবে বাতিল বলে গণ্য হবে এবং সেক্ষেত্রে উক্ত বিদ্যালয়ের পাঠদান/পরীক্ষা সংক্রান্ত যাবতীয় কার্যাদি পরিচালনা থেকে বারিত হবে;
১৫. বেসরকারি বিদ্যালয়ের ক্ষেত্রে প্রচলিত নীতিমালার অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে এবং কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে বোর্ড কর্তৃক এ অনুমোদনপত্র বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে;
১৬. বিদ্যালয়ের লেখাপড়ার পাশাপাশি সহ-পাঠক্রমিক কার্যক্রম (বার্ষিক ক্রীড়ানুষ্ঠান, সাহিত্য ও সাংস্কৃতি বিষয়ক অনুষ্ঠান, গাইডিং ইত্যাদি) পরিচালনা করতে হবে;
**১৭. পত্র ইস্যুর ৬(ছয়) মাসের মধ্যে বিদ্যালয়ের নামে জমির বরাদ্দপত্র দাখিল করতে হবে। ব্যর্থতায় স্বংয়ক্রিয়ভাবে এ আদেশ বাতিল বলে গণ্য হবে;**
১৮. দাখিলকৃত কোন তথ্য ভুল প্রমাণিত হলে এ আদেশ বাতিল বলে গণ্য হবে।

চেয়ারম্যানের আদেশক্রমে

স্বাক্ষরিত/-

**প্রফেসর কাজী ফয়জুর রহমান**
আইডি নং- ০০৯২৫১
বিদ্যালয় পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা
ফোন: ০২-৫৮৬১০০৬৯
ইমেইল: is@dhakaeducationboard.gov.bd

প্রধান শিক্ষক
লেকসিটি কনকর্ড স্কুল
খিলক্ষেত, ক্যান্টনমেন্ট, ঢাকা

মেমো নং- ৭৩৪ (৯) তারিখ: ২৭/০৮/২০২৫ খ্রি.

**সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**

১. সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা;
২. মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, শিক্ষা ভবন, ঢাকা;
৩. মহাপরিচালক, বাংলাদেশ শিক্ষাতথ্য ও পরিসংখ্যান ব্যুরো (ব্যানবেইস), নীলক্ষেত, ঢাকা;
৪. পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
৫. জেলা প্রশাসক, ঢাকা;
৬. পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ঢাকা অঞ্চল, ঢাকা;
৭. জেলা শিক্ষা অফিসার, ঢাকা;
৮. সভাপতি, পরিচালনা কমিটি, লেকসিটি কনকর্ড স্কুল, খিলক্ষেত, ক্যান্টনমেন্ট, ঢাকা;
৯. পিএসটু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা;
১০. অফিস কপি।

27/08/25

**বিদ্যালয় পরিদর্শক**
মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক শিক্ষা বোর্ড, ঢাকা

27.08.2025